



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/০৪

২৮ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৪৭ তম কমিশন সভা অদ্য ১১/০৬/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সিলভা ফার্মাসিউটিক্যালস লিমিটেড (Silva Pharmaceuticals Limited) এর প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যে ৩ (তিন) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৩০ (ত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয়, কারখানা ভবন নির্মাণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (NAV without revaluation) ১৬.৪৮ টাকা এবং ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.০৩ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ, ইম্পেরিয়াল ক্যাপিটাল লিঃ ও এসবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ।
২. এছাড়াও অদ্যকার সভায় Securities and Exchange Commission (Over-the-Counter) Rules, 2001 রহিত পূর্বক এই সংক্রান্ত একটি নতুন খসড়া বিধিমালা কতিপয় সংশোধনী সাপেক্ষে অনুমোদিত হয় এবং এই অনুমোদিত বিধিমালার উপর জনমত যাচাই এর নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।


১১/০৬/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।